# RAIDHA COLLECTIONS LTD.

## HIGG –এর সামাজিক দ্বায়বদ্ধতার আলোকে
## রাঈদা কালেকশনস্ লিঃ এর লক্ষ্য উদ্দেশ্য ও ক্রমধারা কর্মসূচী
## HIGG Social Sustainability Vision,Mision
## (Step by Step Approach )

### লক্ষ্য Vision

**এই কর্মপদ্ধতি প্রণয়নের মূল লক্ষ্য (Vision) হচ্ছে, HIGG এর সামাজিক দ্বায়বদ্ধতার লক্ষ্য উদ্দেশ্য অনুযায়ী শ্রমিকদের অধিকার ও নিরাপত্তা প্রদানের উদ্দেশ্যে স্বল্প ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা ও নিবিড় তত্বাবধায়নের মাধ্যমে তা অর্জনের জন্য সর্বোচ্চ প্রচেষ্ঠা অব্যাহত রাখা।**

### উদ্দেশ্য Mision

**এই উদ্দেশ্য (Mision) নির্ধারণ ও কর্মপদ্ধতি প্রণয়নের উদ্দেশ্য হলঃ**

- HIGG এর সামাজিক দ্বায়বদ্ধতার লক্ষ্য উদ্দেশ্য অনুযায়ী টেকসই উন্নতির উদ্দেশ্য ক্রমধারা পদ্ধতি অবলম্বন
- শ্রমিক ও শ্রমিক প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে প্রগতিশীল মিশন-ভিশন ও পরিকল্পনা প্রণয়ন।
- নিয়মিত নিরীক্ষণের মাধ্যমে পরিকল্পনা বাস্তবায়ন।
- রাঈদা কালেকশনস্ লিঃ এর HIGG এর সামাজিক দ্বায়বদ্বতার লক্ষ্য উদ্দেশ্যেও সঠিক প্রয়োগ ক্রমাদ্বয়ে উন্নতিকরণ।

রাঈদা কালেকশনস্ লিঃ **HIGG** এর সামাজিক দ্বায়বদ্ধতার লক্ষ্য উদ্দেশ্য অনুযায়ী নিম্নলিখিত শ্রমনীতি সমর্থন করে।

সে কারণেই **HIGG** এর সামাজিক দ্বায়বদ্ধতার লক্ষ্য উদ্দেশ্য ক্রমাগত উন্নয়ন ও অগ্রগতির জন্য উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্য (Mission and Vission) সর্বসম্মতিক্রমে নির্ধারণ করা হয়েছে।

| প্রস্তুতকারীর স্বাক্ষর | অংশগ্রহনকারী কমিটির সদস্যের স্বাক্ষর | অনুমোদনকারীর স্বাক্ষর |
|---|---|---|
| [signature] | [signature] | [signature] |

RAIDHA COLLECTIONS LTD.

৩. লক্ষ্য, উদ্দেশ্য ও বাস্তবায়ন কর্মসূচিঃ

| HIGG Social Sustainability-এর মূলনীতি | বিষয়বস্ত | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| নিয়োগদান **(Recruitment & Hiring)** | রাঈদা কালেকশনস্ লিঃ এই মর্মে প্রতিজ্ঞাবদ্ধ যে, ফ্যাক্টরীতে শ্রমিক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন ২০০৬, ধারা (৩-৫) সংশোধিত ২০১৩ এবং শ্রম বিধিমালা ২০১৫ মেনে চলবে। পাশাপাশি নিয়োগকৃত শ্রমিক/ কর্মচারীদের জন্য কর্মসহায়ক পরিবেশ নিশ্চিত করতে এবং মানবাধিকার ও সমন্বয়ের মূলনীতিকে প্রতিষ্ঠিত করতে দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ। সময়ের সাথে সাথে দেশে প্রচলিত আইনের পরিবর্তন, পরিবর্ধন বা নতুন কোন আইন প্রণয়ন করা হলে রাঈদা কালেকশনস্ লিঃ অনুরুপভাবে তা অনুসরণ পূর্বক ইহার নীতিমালা সংশোধন করে থাকেন। রাঈদা কালেকশনস লিঃ নিয়োগ কমিটির মাধ্যমে সকল ইউনিটে জাতি, ধর্ম, বর্ণ, নারী-পুরুষ, কালো-ফর্সা, যুবক-বৃদ্ধা, আত্নীয়-অনাত্নীয়, ভেদাভেদ না করে সমতা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগ দান করাই মূল লক্ষ্য। | **HIGG Social Sustainability**-এর মূলনীতির আলোকে রাঈদা কালেকশনস্ লিঃ শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তা নিয়োগকালে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নিয়োগ কার্যক্রম পরিচালনার লক্ষ্যেই সর্বদা সজাগ থাকে। কারখানার অভ্যন্তরে নিয়োগ কার্যক্রম পরিচালনায় নিয়োগের সকল পর্যায়ে কোন অবস্থাতেই যেন পলিসি ও আইন বর্হিভূত কোন কর্মকান্ড যাতে সংঘটিত না হয় তা নিশ্চিত করনের উদ্দেশ্যেই এই নীতিমালা প্রণীত। শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তা নিয়োগ সর্ম্পকে সংশ্লিষ্ট সকলকে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হবে। উল্লিখিত সময়সীমার মধ্যে ১০০% প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>**কর্মসূচী ঃ**<br>১. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত,<br>২. নিয়মিত প্রশিক্ষণ প্রদান,<br>৩. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান,<br>৪. পূনঃ প্রশিক্ষণ প্রদান।<br>৫. বাংলাদেশ শ্রম-আইন সম্পর্কে নিয়মিত প্রশিক্ষণ।<br>৬. নিয়োগের সাথে জড়িত সংশ্লিষ্ট বিভাগ বা দায়িত্বরত ব্যক্তিকে নিয়োগ পদ্ধতি, শ্রম-আইন | ব্যবস্থাপক-(এইচ আর), এডমিন ও ওয়েল ফেয়ার অফিসার এবং নিয়োগ কমিটির সদস্যবৃন্দ | ট্রেনিং ক্যালেন্ডার অনুযায়ী<br><br>৩১/১২/২০১৮ সালের মধ্যে ১০০% কর্মী/চলমান |

| HIGG Social Sustainability-এর মূলনীতি | বিষয়বস্তু | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| | | ছাটাই পদ্ধতির উপর প্রশিক্ষণ।<br>৭. শ্রমিকদের অধিকার ও ব্যবসায়ের নীতিমালার উপর প্রশিক্ষণ।<br>৮. শিশু শ্রম প্রতিকারের উপর প্রশিক্ষণ। | | |
| শিশু শ্রমিক না<br>**(No Child Labour)** | আইএলও দ্বারা স্বীকৃত ব্যতিক্রম ছাড়া, আইনে বর্ণিত বাধ্যতামূলক স্কুল শিক্ষার নূন্যতম বয়সের কমবয়সী শিশুদের, যা ১৫ বছরের কম বয়স না, সরাসরি বা পরোক্ষভাবে কাজে নিযুক্ত না করে ব্যবসা সহযোগী এই নীতি মেনে চলে।<br><br>ব্যবসা সহযোগীদের কর্মনিযুক্ত প্রণালীতে বয়সের সততা প্রতিপাদনের কঠোর পদ্ধতি স্থির করে নিতে হবে, যা কর্মীর প্রতি কোন প্রকারে অসম্মানজনক বা মর্যাদাহানিকর হবে না। অপ্রাপ্তবয়স্কদের যে কোন প্রকারের উৎপীড়ন থেকে সুরক্ষিত রাখা এই নীতির উদ্দেশ্য। অপ্রাপ্তবয়স্কদের চাকরী থেকে বরখাস্ত করার সময় বিশেষ লক্ষ্য রাখা প্রয়োজন কেননা তাদের আরও বিপজ্জনক কাজে যেমন বেশ্যাবৃত্তি বা ড্রাগ লেনদেনের কাজে নিযুক্ত করা যায়। অপ্রাপ্তবয়স্কদের কর্মস্থল থেকে সরিয়ে দেওয়ার সময়, ঐ সব প্রভাবিত অপ্রাপ্ত বয়স্কদের নিরাপত্তা সুনিশ্চিত করতে ব্যবসা সহযোগীদের সক্রিয়ভাবে উপায়ের সন্ধান করতে হবে। যেখানে উপযুক্ত সেখানে প্রভাবিত অপ্রাপ্তবয়স্কের পরিবারের প্রাপ্ত বয়স্ক সদস্যকে সন্তোষজনক কাজ দেওয়ার সম্ভাবনা তাদের বিবেচনা করে দেখা উচিত। | রাঈদা কালেকশনস্ লিঃ কারখানার নিজেস্ব নীতিমালা ও বিধিতে বর্ণিত **"শিশু শ্রমিক না"** নীতি মেনে চলে। কারখানায় শ্রমিক নিয়োগের সময় যাতে কোনভাবেই ১৮ বছরের নিচে কোন শ্রমিক নিয়োগ না হয় এজন্য বয়স প্রমাণের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জন্ম সনদপত্র, ভোটার আইডি কার্ড ভালভাবে যাচাই করা হয়। প্রাথমিক বাছাইয়ের পরও প্রার্থীর বয়স নির্ধারণের বিষয়টি অধিকতর নিশ্চিত হওয়ার জন্য রেজিষ্ট্যার্ড চিকিৎসকের মাধ্যমে প্রার্থীর বয়স নির্ধারণ করা হয়। এ বিষয়ে নিয়োগের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও শ্রমিকদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। উল্লিখিত সময়সীমার মধ্যে ১০০% শ্রমিককে শিশুশ্রম সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>**কর্মসূচী:**<br>১. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত,<br>২. নিয়মিত প্রশিক্ষণ প্রদান,<br>৩. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান, | কমপ্লায়েন্স অফিসার | প্রশিক্ষণ ক্যাল্ডোর, ৩১/১২/২০১৮সালের মধ্যে ১০০% শ্রমিক |

# RAIDHA COLLECTIONS LTD.

| **HIGG** Social **Sustainability**-এর মূলনীতি | বিষয়বস্ত | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| দায়বদ্ধ শ্রম না **(No Bonded Labour)** | ব্যবসা সহযোগী কোন প্রকারের দাসত্ব, বলপূর্বক, ঋণের দায়ে বদ্ধ, শর্তবদ্ধ, মানুষ বেচাকেনা বা অনিচ্ছাকৃত শ্রম আদায়ে জড়িত হবে না।<br>ব্যবসা সঙ্গীদের দ্বারা এই প্রকারের শ্রম আদায়ের ফলে যদি ব্যবসা সহযোগী লাভবান হয় তাহলে তাদের জটিলতার দায়ে অভিযুক্ত করার আশঙ্কা থাকবে।<br><br>প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রবাসী কমীদের কাজে জড়িত ও নিযুক্ত করার সময় ব্যবসা সহযোগীদের বিশেষ সযত্ন পদক্ষেপ নিতে হবে।<br>ব্যবসা সহযোগীদের কর্মীদের কাজ ছেড়ে যাওয়ার অধিকার দিতে হবে এবং কর্মী নিয়োগকর্তাকে যুক্তিসঙ্গত নোটিশ দিয়ে রাখলে তাকে বিনা বাধায় চাকরি থেকে অব্যহতি দিতে হবে।<br><br>কর্মীদের যাতে অমানবিক বা অপমানজনক ব্যবহার, দৈহিক দন্ড, মানসিক বা শারীরিক অত্যাচার এবং/অথবা গালিগালাজের সম্মুখীন না হতে হয় তা ব্যবসা সহযোগী সুনিশ্চিত করবে।<br><br>সব শাস্তিমূলক প্রণালী লিখিতভাবে স্থির করে নিতে হবে ও স্পষ্ট ও বোধগম্য ভাষায় কর্মীদের মৌখিকভাবে বুঝিয়ে দিতে হবে। | রাঈদা কালেকশনস্ লিঃ কারখানায় দাসত্ব, বলপূর্বক, দায়বদ্ধ, শর্তবদ্ধ, অনিচ্ছাকৃত শ্রম আদায়ে সমর্থন করে না।<br><br>কর্মীদের যাতে অমানবিক বা অপমানজনক ব্যবহার, দৈহিক দন্ড, মানসিক বা শারীরিক অত্যাচার এবং গালিগালাজের সম্মুখীন না হতে হয় তা সুনিশ্চিত করে।<br><br>সব শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে কোম্পানী নীতিমালা ও দেশীয় আইন মেনে চলে। এছাড়াও কারখানায় বাধ্যতামূলক শ্রম সম্পর্কে সকল কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করবে।<br><br>উল্লিখিত সময়সীমার মধ্যে কারখানার ১০০% শ্রমিককে এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হবে।<br><br>কর্মসূচীঃ<br>১. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত,<br>২. নিয়মিত প্রশিক্ষণ প্রদান,<br>৩. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান | ওয়েলফেয়ার অফিসার | ৩১-১২-২০১৮ ইং এর মধ্যে ১০০% শ্রমিক |

| HIGG Social Sustainability-এর মূলনীতি | বিষয়বস্তু | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| মজুরী, ক্ষতিপূরণ ও অন্যান্য সুবিধাদি **(Wages, Compensation & Others Benefit)** | কর্মীর নিজের ও পরিবারের জন্য সন্তোষজনক জীবনযাপনের পক্ষে পর্যাপ্ত ন্যায্য পারিশ্রমিক পাওয়ার অধিকার আইনত প্রাপ্য সামাজিক সুবিধার অধিকার মান্য করলে এবং নিচে বর্ণিত বিশেষ প্রত্যাশা কোনরকম হানি না করলে ব্যবসা সহযোগী এই নীতি মেনে চলবে।<br><br>সরকার দ্বারা নির্ধারিত ন্যূনতম বেতনের আইন অথবা যৌথ দর কষাকষির ভিত্তিতে শিল্পোদ্যোগের অনুমোদিত মানদন্ড, যেটা বেশী সেইমত ব্যবসা সহযোগী ন্যূনতম বেতনের নিয়ম মেনে চলবে।<br><br>বেতনের স্তরে কর্মীদের কর্মদক্ষতা ও শিক্ষাগত যোগ্যতা প্রতিফলিত হবে এবং নিয়মিত কাজের সময়কাল অনুসারে দেওয়া হবে।<br>কেবল বিশেষ পরিস্থিতিতে এবং আইনত নির্দিষ্ট করা পরিমাণমত বা যৌথ দর কষাকষি দ্বারা স্থির করা শর্তমত বেতন থেকে বাদ দেওয়ার অনুমতি দেওয়া হবে। | **HIGG Social Sustainability**-এর মূলনীতির আলোকে রাঈদা কালেকশনস্ লিঃ বিধির ন্যায্য পারিশ্রমিক নীতি পুরোপুরি সমর্থন করে, এবং এই উদ্দেশ্যে একজন শ্রমিকের নিজের ও পরিবারের জন্য সন্তোষজনক জীবনযাপনের পক্ষে পর্যাপ্ত ন্যায্য পারিশ্রমিক হিসাব করা হয়েছে এবং তা প্রদানের ব্যবস্থা করবে। সংশ্লিষ্ট বিভাগ, শ্রমিক/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>কর্মসূচীঃ<br>৪. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত,<br>৫. নিয়মিত প্রশিক্ষণ প্রদান,<br>৬. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান<br>৭. মানব সম্পদ বিভাগ, ফাইন্যান্স বিভাগ ও সুপারভাইজার সহ সকল কর্মকর্তাদের প্রশিক্ষণ। | ব্যবস্থাপক, এইচ আর এবং ওয়েলফেয়ার অফিসার | ৩১/১২/২০১৮ সালের মধ্যে ১০০% শ্রমিক |
| যথোচিত কর্মঘন্টা **(Hours of Working)** | প্রতিষ্ঠান যখন সুনিশ্চিত করবে যে কর্মীদের প্রতি সপ্তাহে নিয়মিত ৪৮ ঘন্টার বেশী কাজ করতে হবে না তখন তারা এই নীতি মেনে চলবে। বাংলাদেশ শ্রম আইন ও আইএলও দ্বারা বর্ণিত ব্যতিক্রমী কেসে উপরোক্ত কাজের সময়সীমা অতিক্রম করা যায়, সেক্ষেত্রে ওভারটাইম অর্থাৎ অতিরিক্ত পারিশ্রমিক দেওয়ার অনুমতি আছে।<br>কেবলমাত্র ব্যতিক্রমী পরিস্থিতিতে, স্বেচ্ছায় ওভারটাইম ব্যবহার করা যায়, যা নিয়মিত বেতনদরের এক ও এক-চতুর্থাংশ গুণের চেয়ে কম দরে দেওয়া যাবে না এবং পেশাগত, বিপদাশঙ্কার চেয়ে বেশী সম্ভাবনা থাকবে না। তাছাড়া, প্রতিষ্ঠান তাদের | রাঈদা কালেকশনস্ লিঃ বিধির যথোচিত কর্মঘন্টা নীতি সমর্থন করে। কর্মঘন্টা যেন কোন অবস্থাতেই বৃদ্ধি না পায় সে উদ্দেশ্যে উৎপাদন বৃদ্ধির সাথে সাথে প্রোডাকশন ফ্লোরের সংখ্যা বাড়ানো হয়েছে এবং নতুন মেশিন ক্রয় করা হয়েছে এবং প্রয়োজনে আরোও মেশিন ক্রয় করা হবে।<br>যে কোন পরিস্থিতিতে যেন কর্মঘন্টা বর্ধন না করে আইন মোতাবেক পরিচালনা করা সম্ভব হয় তা নিশ্চিত করা হবে। | ব্যবস্থাপক এইচ আর<br>ব্যবস্থাপক উৎপাদন<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ার | ৩১-১২-২০২০ ইং |

RAIDHA COLLECTIONS LTD.

| HIGG Social Sustainability-এর মূলনীতি | বিষয়বস্তু | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| | কর্মীদের প্রতিটি কাজের দিনে বিশ্রামের জন্য বিরতি এবং প্রতি সাত দিনে কমপক্ষে একদিনের ছুটির অধিকার দেবে, এর একমাত্র ব্যতিক্রম হবে যদি যৌথ চুক্তিতে বর্ণিত ব্যতিক্রম প্রযোজ্য হয়। | কর্মসূচীঃ<br>১. নিয়মিত মেশিনের রক্ষণাবেক্ষন,<br>২. কর্মীর উৎপাদন ক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ,<br>৩. প্রয়োজনে অধিক দক্ষ শ্রমিক নিয়োগ করা হবে।<br>৪. জরুরী ওভারটাইমের জন্য নির্ধারিত অনুমোদন প্রক্রিয়ার মাধ্যমে অনুমতি দেয়া হবে।<br>৫. মানব সম্পদ নিয়োগ বিভাগ, প্রোডাকশন সুপারভাইজার, প্রোডাকশন প্লানিং স্টাফ ও সেলস বিভাগ কর্মকর্তাদের প্রশিক্ষণ। | | |
| কর্মী সংশ্লিষ্টতা ও যোগাযোগ **(Worker Involvement & Communication)** | ব্যবসা প্রতিষ্ঠানগুলোঃ (ক) কর্মীদের স্বাধীনভাবে ও গণতান্ত্রিক উপায়ে শ্রমসংঘ গড়ে তোলার অধিকার মান্য করবে (খ) শ্রম সংঘের সদস্যতার কারণে কোন কর্মীর প্রতি বৈষম্যমূলক আচরণ করবে না এবং (গ) কর্মীদের যৌথ দর কষাকষি করার অধিকারটিকে মান্য করে চলবে। (ঘ) কর্মীদের অভিযোগ ও পরামর্শ সংক্রান্ত বিষয়ে সুযোগ প্রদান করবে। (ঙ) শ্রমিকদের বিভিন্ন প্রাতিষ্ঠানিক সিদ্ধান্ত যেমন কাজের সিডিউল, ছুটি (অবসরকালীন) সময় নির্ধারণের ক্ষেত্রে সুযোগ প্রদান করবে।<br><br>কর্মী প্রতিনিধিদের কর্মস্থলে কর্মীদেও সঙ্গে যোগাযোগ করা বা তাদের সঙ্গে কথোপকথনে ব্যবসা সহযোগীরা বাধা দেবে না।<br><br>যেসব দেশে শ্রম সংঘের ক্রিয়াকলাপ বেআইনী মনে করা হয় বা যেখানে স্বাধীনভাবে গণতান্ত্রিক শ্রম সংঘের ক্রিয়াকলাপের অনুমতি নেই সেখানে ব্যবসা সহযোগীরা ঐ নীতিকে মান্য করতে কর্মীদের স্বাধীনভাবে নিজস্ব প্রতিনিধি নির্বাচন করার | ক্রমান্বয়ে কারখানার ১০০% শ্রমিককে কর্মক্ষেত্রে তাদের সংশ্লিষ্টতা ও যোগাযোগ এবং যৌথ দর কষাকষি ও সংঘবদ্ধ হওয়ার স্বাধীনতা সম্পর্কে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হবে ও সুযোগ-সুবিধা দেয়া হবে। আর এ লক্ষ্যে প্রতি ২মাস অন্তর শ্রমিক প্রতিনিধিদের সভা অনুষ্ঠিত হয় এবং ৩ মাস অন্তর অভিযোগ কমিটির সদস্যদের নিয়ে সভা হয়।<br>কর্মসূচঃ<br>১. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত,<br>২. নিয়মিত প্রশিক্ষণ প্রদান,<br>৩. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান,<br>৪. পূনঃ প্রশিক্ষণ প্রদান।<br>৫. কর্মীদের অভিযোগ ও পরামশ সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত ও সুযোগ প্রদান সম্পর্কে প্রশিক্ষণ | কমপ্লায়েন্স, এডমিন ও ওয়েল ফেয়ার অফিসার | ট্রেনিং ক্যালেন্ডার অনুযায়ী<br><br>৩১/১২/২০১৮ সালের মধ্যে<br>১০০% কর্মী/চলমান |

| **HIGG Social Sustainability**-এর মূলনীতি | বিষয়বস্তু | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| | অনুমতি দেবে যাতে তাদের সঙ্গে কোম্পানি কর্মস্থলের বিষয়গুলি নিয়ে আলাপ আলোচনা করতে পারে। | ৬. শ্রমিক প্রতিনিধিদেও বিভিন্ন অডিটে থাকার সুযোগ করে দেয়া হবে। | | |
| পেশাগত স্বাস্য ও নিরাপত্তা **(Occupational Health & Safety)** | **HIGG Social Sustainability**-এর মূলনীতির আলোকে বিধিতে বর্ণিত নির্দিষ্ট প্রত্যাশা হানি না করে ব্যবসা সহযোগী যদি কর্মী এবং স্থানীয় সম্প্রদায়ের সুস্থ্য কাজের ও জীবন যাপনের পরিবেশ মান্য করে তাহলে তারা এই নীতি মেনে চলবে। অল্প বয়সী কর্মী, নতুন ও সম্ভাবনাময় মায়েরা এবং বিকলাঙ্গ ব্যক্তিরা বিশেষ নিরাপত্তা পাবেন তবে এই নিরাপত্তা শুধু তাদের মধ্যে সীমাবদ্ধ থাকবে না।<br><br>ব্যবসা সহযোগী পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার নিয়ম অথবা যেখানে দেশীয় আইন দূর্বল অথবা কঠোরভাবে বলবৎ না সেখানে আন্তর্জাতিক মান অনুসরণ করবে।<br><br>নিরাপদ ও স্বাস্থ্য কাজের পরিবেশ সুনিশ্চিত করার জন্য ব্যবস্থার বিকাশ ও সম্পাদন করার জন্য পরিচালক বর্গ ও কর্মীদের, এবং/ অথবা তাদের প্রতিনিধিদের মধ্যে সক্রিয় সহযোগীতা একান্ত জরুরী। পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সমিতি গঠন করে এটা করা সম্ভব।<br><br>কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তায় বিপদের সম্ভাবনা সন্ধান, মূল্যায়ন, পরিহার ও প্রক্রিয়ার জন্য সুব্যবস্থা আছে কিনা তা ব্যবসা সহযোগীরা সুনিশ্চিত করবে। কাজের দরুন, কাজের সময় বা কাজের সঙ্গে জড়িত কর্মীদের দূর্ঘটনা, আঘাত বা অসুস্থ্যতা প্রতিরোধের জন্য তারা ফলপ্রসূ উপায় অবলম্বন করবে। এইসব | রাঈদা কালেকশনস্ লিঃ কারখানায় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ইএইচএস কমিটি গঠন করেছে এবং সেফটি কমিটি গঠন করা হয়েছে। কারখানার শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়া কারখানায় একজন রেজিস্টার্ড চিকিৎসক, একজন মেডিক্যাল এ্যাসিস্টেন্ট এবং একজন নার্স নিয়োগ করা আছে। কারখানায় ১০০ ভাগ শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিভিন্ন কর্মসূচী গ্রহণ করবে।<br>উল্লিখিত সময়সীমার মধ্যে হতাহতের ঘটনা ১০০% কমিয়ে ০ (শুণ্যের) কোটায় আনা হবে।<br>কর্মসূচিঃ<br>১. নিয়মিত প্রশিক্ষণ,<br>২. প্রতিটি ইনজুরির তদন্ত,<br>৩. কর্মক্ষেত্রের ঝুকি নিরুপন,<br>৪. ঝুকি প্রতিরোধে প্রতিরোধ ও প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ, এবং<br>৫. চলমান নিরীক্ষণ। | কমপ্লায়েন্স অফিসার ও ওয়েলফেয়ার অফিসার | ৩০-১২-১৮ ইং |

# RAIDHA COLLECTIONS LTD.

| HIGG Social Sustainability-এর মূলনীতি | বিষয়বস্ত | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| | উপায় কর্মস্থলে সহজাত বিপদাশঙ্কার কারণগুলি যতটা সমীচিন সেইমত কম করার প্রচেষ্টা করবে।<br><br>ব্যবসা সহযোগীরা বাধ্যতামূলক বীমা প্রকল্প সমেত দূর্ঘটনায় কর্মদের নিরাপত্তায় উন্নয়ন সাধনের প্রয়াশ করবে।<br>নিজেদের প্রভাব ক্ষেত্রের পরিধি মধ্যে ব্যবসা সহযোগীরা সবরকম উপযুক্ত উপায় অবলম্বন করবে যাতে নিয়োগকর্তা কর্মীদের যে বাসস্থান এবং ব্যবহারের জন্য যেসব যন্ত্রপাতি ও বিল্ডিং পরিসর দেয় তা যেন সুস্থিত ও সুরক্ষিত হয় এবং পূর্বানুমান করা যায় এমন সঙ্কটাবস্থা থেকে সুরক্ষিত রাখা যায়। আসন্ন বিপদে কর্মীর অনুমতি না নিয়ে পরিসর থেকে প্রস্থান করার যে অধিকার আছে তা ব্যবসা সহযোগী মান্য করে।<br>ব্যবসা সহযোগী পর্যাপ্ত পেশাগত চিকিৎসা সহায়তা ও আনুষাঙ্গিক সুব্যবস্থা সুনিশ্চিৎ করে।<br>ব্যবসা সহযোগী পানীয় জল, নিরাপদ ও পরিচ্ছন আহার করা ও বিশ্রাম করার স্থান ও পরিচ্ছন ও নিরাপদ রান্না করা ও খাবার মজুদ রাখার স্থান পাওয়ার অধিকার সুনিশ্চিত করবে। তাছাড়া, ব্যবসা সহযোগীরা সর্বদা সবকর্মীদের বিনামূল্যে কার্যকর ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম অর্থাৎ পার্সোনাল প্রোটেক্টিভ ইকুপমেন্ট | | | |
| কর্মী দক্ষায়ন ও উন্নয়ন **(Worker Treatment & Development)** | কারখানার শ্রমিক-কর্মচারীর কর্মজীবনে দক্ষতা বৃদ্ধি ও উন্নয়নে রাঈদা কালেকশনস্ লিঃ এর উর্ধ্বতন কর্তৃপক্ষ সর্বদা সচেষ্ঠ থাকে। আর এ লক্ষ্যে সকল নতুন ও পুরাতন শ্রমিক-কর্মচারীর এবং সুপারভাইজার ও উর্ধ্বতন স্টাফদের শ্রমিক হয়রানী ও নির্যাতন বিরোধী প্রশিক্ষণ দেয়া হয়। শৃংঙ্খলা নীতিমালা ও পদ্ধতি, স্বাস্থ্যগত সতর্কতা ও দক্ষতা বাড়াতে পার্সোনাল ফাইন্যান্স ও ব্যালেন্সিং বাজেট এবং ফ্যামিলি প্লানিং ও | কারখানার শ্রমিকদের কর্মজীবনে দক্ষতা বৃদ্ধি ও উন্নয়নে রাঈদা কালেকশনস্ লিঃ নিম্নোক্ত কর্মসূচীর মাধ্যমে উল্লিখিত সময়সীমার মধ্যে ১০০% কর্মী দক্ষায়ন ও উন্নয়ন করবে।<br>কর্মসূচীঃ<br>১. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত, | ওয়েল ফেয়ার অফিসার | ট্রেনিং ক্যালেন্ডার অনুযায়ী<br><br>৩১/১২/২০১৮ সালের মধ্যে ১০০% কর্মী/চলমান |

| **HIGG Social Sustainability**-এর মূলনীতি | বিষয়বস্তু | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| | রিপ্রোডাক্টিভ হেলথ এর উপর বিশেষ প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়াও সাধারণ স্বাস্থ্য, এইচআইভি/এইডস সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হয়।<br>সকল নতুন শ্রমিক-কর্মচারীরা Diversity and Equality সম্পর্কে প্রশিক্ষণ পেয়ে থাকে এবং সুপারভাইজার, ডাক্তার, নার্সদের এ সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হয়। সুযোগ-সুবিধা দেয়ার ক্ষেত্রে রাঈদা কালেকশনস্ লিঃ এর উর্ধ্বতন কর্তৃপক্ষ শ্রমিকদের দক্ষতার বিচারে সমান সুবিধা পায়। | ২. নিয়মিত প্রশিক্ষণ প্রদান।<br>৩. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান।<br>৪. শৃংঙ্খলা নীতিমালা ও পদ্ধতির উপর প্রশিক্ষণ।<br>৫. স্বাস্থ্যগত সতর্কতা ও দক্ষতা বাড়াতে পার্সোনাল ফাইন্যান্স ও ব্যালেন্সিং বাজেট এবং ফ্যামিলি প্লানিং ও রিপ্রোডাক্টিভ হেলথ এর উপর বিশেষ প্রশিক্ষণ।<br>৬. সাধারণ স্বাস্থ্য, এইচআইভি/এইডস সম্পর্কে প্রশিক্ষণ।<br>৭. সকল নতুন শ্রমিক-কর্মচারীরা Diversity and Equality সম্পর্কে প্রশিক্ষণ। | | |

# RAIDHA COLLECTIONS LTD.

| | | | | |
|---|---|---|---|---|
| অব্যাহতি ও ছাঁটাই **(Termination & Retrenchment)** | রাঈদা কালেকশনস্ লিঃ এর উর্ধ্বতন কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধিত-২০১৩) এর সকল ধারা, **HIGG Social Sustainability**-এর মূলনীতির আলোকে, আইএলও এবং শিল্প সম্পর্কিত আইন এর সকল নিয়ম নীতির প্রতি সম্মান প্রদর্শন পূর্বক বিভিন্ন ক্রেতা/ বায়ারের উক্ত নীতিমালার স্বপক্ষে মতামতের সাথে সামঞ্জস্য বিধান করে সকল শ্রমিকের ক্ষেত্রে অব্যাহতি ও ছাটাই প্রক্রিয়া বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধিত-২০১৩) অনুযায়ী যাতে হয় তার নিশ্চিত করনের ঘোষণা করেছেন। এই মর্মে কারখানায় এ নীতিমালাটি বাস্তবায়নে অত্র কোম্পানী উর্ধ্বতন কর্তৃপক্ষ অঙ্গীকার বদ্ধ। | অব্যাহতি ও ছাঁটাই প্রক্রিয়ার ক্ষেত্রে শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তা সকল প্রকার বৈষম্য ও হয়রানী মূলাৎপাটন করে কার্যক্রম পরিচালনার লক্ষ্যেই এ নীতিমালা প্রণয়ন করা হয়েছে। অব্যাহতি ও ছাঁটাই প্রক্রিয়ার ক্ষেত্রে সকল শ্রমিকদের প্রাপ্য ১০০% পাওনাদি পরিশোধ করবে।<br>শ্রমিকদের চাকুরী হতে অব্যাহতি দেওয়ার উদ্দেশ্যে কারখানায় নিম্নলিখিত কর্মকান্ড নিষিদ্ধ-<br>১. শারিরীক বা মানসিকভাবে নির্যাতন বা হেয়প্রতিপন্ন করা।<br>২. আর্থিক কোন শাস্তি প্রদান করা।<br>৩. বেতন-ভাতা বা মজুরী স্থগিত করা। | ব্যবস্থাপক -এইচ আর | ৩১-১২-১৮ ইং |

# RAIDHA COLLECTIONS LTD.

| **HIGG Social Sustainability**-এর মূলনীতি | বিষয়বস্তু | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| | | ৪. কার্যাদেশ বা চুক্তি এবং পরিচয়পত্র সহ কোন প্রয়োজনীয় কাগজপত্র আটকিয়ে রাখা। | | |
| শ্রম ও কর্মক্ষেত্রে দক্ষতা (ভ্যাল চেইন) **Labor & Workplace Performance (Value Chain)** | রাঈদা কালেকশনস লিঃ তার উত্তরোত্তর উন্নতি সাধনের লক্ষ্যে এর ব্যবস্থাপনা কতৃপক্ষ দৃঢ় প্রতিজ্ঞ। এই উদ্দেশ্যকে সঠিকভাবে কার্যে পরিনত করতে, কর্মচারীদের জন্য সহায়ক কম পরিবেশ নিশ্চিত করতে এবং মানবাধিকার ও সমন্বয়ের **(Compliance & Human Rights)** মূলনীতিকে প্রতিষ্ঠিত করতে রাঈদা কালেকশনস্ লিঃ কর্তৃপক্ষ প্রতিশ্রুতিবদ্ধ। আর তারই ধারাবাহিকতায় এর সাথে সংশ্লিষ্ট সকল সহযোগী প্রতিষ্ঠান ও অঙ্গ-সংগঠনদের কমপ্লায়েন্স নিশ্চিত করার জন্য বিভিন্ন সময় রাঈদা কালেকশনস্ লিঃ তার সাপ্লায়ার ও সাব- কন্ট্রাক্ট প্রতিষ্ঠান | রাঈদা কালেকশনস্ লিঃ ১০০% রপ্তানিমুখী প্রতিষ্ঠান। আর তারই ধারাবাহিকতায় এর সাথে সংশ্লিষ্ট সকল সহযোগী প্রতিষ্ঠান ও অঙ্গ-সংগঠনদের কমপ্লায়েন্স নিশ্চিত করার জন্য বিভিন্ন সময় রাঈদা কালেকশনস্ লিঃ তার সাপ্লায়ার ও সাব-কন্ট্রাক্ট প্রতিষ্ঠান অডিট করে থাকে। রাঈদা কালেকশনস্ লিঃ তার সকল সাপ্লায়ার ও সাব-কন্ট্রাক্ট প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে বাংলাদেশ শ্রম আইন বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করবে।<br>**কর্মসূচীঃ**<br>১. পিরিওডিক্যাল ইন্টারনাল অডিট<br>২. সকল সাপ্লায়ার ও সাব-কন্ট্রাক্ট প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে বাংলাদেশ শ্রম আইন বিষয়ে প্রশিক্ষনের ব্যবস্থা | কমপ্লায়েন্স | ৩১-১২-২০১৮ ইং |
| আশঙ্কাজনক কর্মনিয়ুক্তি না **(No Precarious Employment)** | এই অধ্যায়ে বর্ণিত বিশেষ প্রত্যাশার হানি না করে ব্যবসা সহযোগী ও নীতি মেনে চলবে যখন ক) তারা সুনিশ্চিত করবে যে তাদের কর্মনিয়ুক্তির সম্পর্ক তাদের কর্মীদের বিপন্ন করছেনা এবং সামাজিক বা আর্থিকভাবে অসহায় করে দিচ্ছেনা; খ) রাষ্ট্রীয় আইন প্রথা বা রীতি এবং আন্তর্জাতিক শ্রমের আদর্শমান, যেটিতে বেশি নিরাপত্তা পাওয়া যায় সেইমত নির্ধারিত একটি | রাঈদা কালেকশনস্ লিঃ কারখানায় শ্রমিকদের জন্য একটি নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করে। কমীদের তাদের অধিকার, দায়িত্ব এবং কাজের ঘন্টা, পারিশ্রমিক এবং বেতনের বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে অবহিত করা হয় এবং এক্ষেত্রে রাঈদা কালেকশনস্ লিঃ দেশীয় | ওয়েলফেয়ার অফিসার | ৩১-১২-২০১৮ ইং এর মধ্যে ১০০% শ্রমিক। |

RAIDHA COLLECTIONS LTD.

| **HIGG Social Sustainability**-এর মূলনীতি | বিষয়বস্ত | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| | স্বীকৃত ও নথিভুক্ত কর্মনিযুক্তির সম্পর্কের ভিত্তিতে কাজ করা হবে।<br><br>কর্মনিযুক্তির আগে, ব্যবসা সহযোগী তাদের কর্মদের তাদের অধিকার, দায়িত্ব এবং কাজের ঘন্টা, পারিশ্রমিক এবং বেতনের শর্তসমেত নিযুক্তির শর্ত বিষয়ে সহজবোধ্য তথ্য জানিয়ে দেবে।<br><br>ব্যবসা সহযোগীদের নারী পুরুষ উভয় কর্মীদের জন্য সন্তোষজনক কাজের পরিস্থিতি দেওয়ার প্রয়াস করতে হবে যাতে তাদের মা-বাবা বা তত্বাবধানকারীর ভূমিকায় সাহায্য করা যায়, এটা বিশেষ করে প্রবাসী কর্মী ও মৌসুমী কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য যাদের সন্তানদের প্রবাসীদের দেশের বাড়ীতে রেখে আসতে হয়।<br><br>ব্যবসা সহযোগীরা নিযুক্তির বন্দোবস্ত এমনভাবে ব্যবহার করবে না যা জেনেশুনে আইনের প্রকৃত উদ্দেশ্যের সঙ্গে সুসামঞ্জস্য না। তাতে আছে ক) শিক্ষানবিশি প্রকল্প যেখানে কর্মকৌশল শেখানো বা নিয়মিত নিযুক্তির কোন অভিপ্রায় নেই, খ) মৌসুমী বা আকস্মিক কাজ যা কমীদের নিরাপত্তা ব্যহত করতে পারে এবং গ) শুধ শ্রমভিত্তিক চুক্তি-তবে তা এই পর্যন্ত সীমিত না। তাছাড়া, এমনভাবে সাবকন্ট্রাক্ট করা হবে না যা কর্মীদের অধিকার ব্যাহত করতে পারে। | আইন মেনে চলে। প্রত্যেকটি মেশিনের ঝুকি নিরুপন করে এর উপর প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে, যাতে করে শ্রমিকগণ নিরাপদে ও সঙ্কামুক্ত পরিবেশে কাজ করতে পারে।<br><br>উল্লিখিত সময়সীমার মধ্যে কারখানার ১০০% শ্রমিককে এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হবে।<br><br>**কর্মসূচী:**<br>৮. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত,<br>৯. নিয়মিত প্রশিক্ষণ প্রদান,<br>১০. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান, | | |
| পরিবেশ সুরক্ষা **(Protection of Environment)** | এই অধ্যায়ে বর্ণিত বিশেষ প্রত্যাশা হানি না করে ব্যবসা সহযোগী যখন পরিবেশ অবক্ষয় এড়িয়ে যাওয়ার জন্য যথোপযুক্ত পদক্ষেপ নেবে তখন তারা এই নীতি মেনে চলবে।<br>ক্রিয়া কলাপের ফলে পরিবেশে গুরুত্বপূর্ণ প্রভাব ব্যবসা সহযোগীদের মূল্যায়ন করে দেখতে হবে এবং পরিবেশের প্রতি | কারখানার দৈনন্দিন উৎপাদন কার্জের ফলে সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য ইটিপি স্থাপন করা হয়েছে এবং উৎপাদন বৃদ্ধির সাথে সাথে ইটিপির আয়তন আরও বৃদ্ধি করা হয়েছে। উৎপাদনের জন্য কম শক্তিতে চলতে | জি এম কমপ্লায়েন্স | ৩১.১২.২০২০ ইং। |

| **HIGG** **Social Sustainability**-এর মূলনীতি | বিষয়বস্তু | লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) | দায়িত্বশীল ব্যাক্তি | সময়সীমা |
|---|---|---|---|---|
| | তাদের দায়িত্ব জ্ঞান প্রতিফলিত করে এমন কার্যকর পলিসি ও প্রণালী নির্ধারণ করতে হবে। সম্প্রদায় প্রাকৃতিক সম্পদ এবং সব সমেত পরিবেশ প্রতিকূল প্রভাব কম বা প্রতিরোধ করার জন্য তাদের যথেষ্ট পদক্ষেপ নেওয়ার ব্যাপারে সজাগ থাকতে হবে। | পারে ও পরিবেশবান্ধব এমন উন্নতমানের ও প্রযুক্তিনির্ভর মেশিন ক্রয় করা হচ্ছে। পরিবেশবান্ধব শূন্য নির্গমন পরিকল্পনা গ্রহণ ও পর্যায়ক্রমে তা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কারখানায় উৎপাদন কার্য পরিচালনার ফলে পরিবেশের উপর এর যে সামগ্রিক প্রভাব পড়ছে তা পেশাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে মূল্যায়ন করা হবে।<br>কর্মসূচীঃ<br>১. Environmental Impact asessment সম্পন্ন করা.<br>২. ZDHC কার্যক্রম বাস্তবায়ন<br>৩. শূন্য নির্গমন পরিকল্পনা গ্রহণ ও পর্যায়ক্রমে তা বাস্তবায়ন। | | |